

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

তারিখ .....


স্মারক নং-

## ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/পি-এইচ.ডি প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ে জানুয়ারী-২০১৮ইং সেমিস্টারে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং ও পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- আগামী ২৪/১০/২০১৭ইং হতে ০৯/১১/২০১৭ইং তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার মাধ্যমে (টাকা জমা রশিদে শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) আবেদন ফরম বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদের বিনিময়ে অফিস চলাকালীন সময়ে শিক্ষা শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা এবং জমা দেওয়া যাবে।
- আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ ০৯/১১/২০১৭ইং।
- আবেদন ফরমের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- (ক) পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং বা এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। এম. ইঞ্জিনিয়ারিং বা এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং এর সমতূল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।  
(খ) এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতূল্য ডিগ্রী থাকতে হবে। বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতূল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।  
(ঙ) এম.এস-সি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এম.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর অন্য যে কোন জনতা ব্যাংক লিঃ এর শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা এর উপর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা শিক্ষা শাখা হতে ফি জমা রশিদের মাধ্যমে (শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) নগদ ২০০/- (দুইশত) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদ সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ আবেদন করতে হবে।
- উল্লিখিত বিভাগে বর্ণিত প্রোগ্রামে সমূহে পূর্ণ বা খন্ডকালীন ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি হতে পারবে।
- শুধুমাত্র পূর্ণকালীন ও অধিকতর যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিয়মানুযায়ী টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Teaching Assistantship) প্রদান করা হবে। এজন্য ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।
- আগামী ১৯/১১/২০১৭ইং তারিখ রোজ রবিবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রার্থী নির্বাচনের জন্য লিখিত/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীকে অত্র বিশ্ববিদ্যালয়ের উক্ত বিভাগের বিভাগীয় প্রধানের অফিসে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।
- আগামী ২৮/১১/২০১৭ইং তারিখ রোজ মঙ্গলবার চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।
- নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফিস পরিশোধান্তে আগামী ০৩/১২/২০১৭ইং হতে ২০/১২/২০১৭ইং তারিখের মধ্যে ভর্তি হতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।


  
২৯/১০/১৭  
(জি. এম. শহিদুল আলম)  
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/

২৪২/১০০

তারিখ : ২৯/১০/১৭ইং।

  
২৯/১০/১৭